শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.৩০০.১৬-৫১৭

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৬ ব.
১৪ অক্টোবর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৩১৩০/২০১৬ মামলার ২৬/০২/২০১৭ তারিখের রায়/আদেশ এবং তৎপ্রেক্ষিতে দায়েরকৃত সিপিএল নং-১২৫৪/২০১৮ মামলার ১৪/০৭/২০১৯ তারিখের রায় বাস্তবায়নের নিমিত্ত রায়ের সার্টিফাইড কপি প্রেরণ সংক্রান্ত।

সূত্র: প্রধান শিক্ষক, ফুলকোচা উচ্চ বিদ্যালয়, উপজেলা- মেলান্দহ, জামালপুর এর ২৫/৮/২০১৯ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত আবেদনের আলোকে জানানো যাচ্ছে যে, জামালপুর জেলার মেলান্দহ উপজেলাধীন ফুলকোচা উচ্চ বিদ্যালয়ের এসএসসি ভোকেশনাল শাখাটি এমপিওভুক্তির জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত তালিকায় ০৬/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/১৮৪ সংখ্যক স্মারকে ৪১ নং ক্রমিকে নির্বাচিত হয়।

২। পরবর্তীতে কোন কারণ দর্শানো ব্যতিরেকে একই মন্ত্রণালয়ের ৩১/৫/২০১০ তারিখের শিম/শাঃ১৩/এমপিও-১২/২০০৯/২০৯ সংখ্যক স্মারকমূলে প্রকাশিত চূড়ান্ত তালিকা হতে বর্ণিত প্রতিষ্ঠানটির এসএসসি ভোকেশনার শাখার নাম বাদ দেয়া হয়।

৩। ফলে উক্ত প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক, জনাব মো: সোলায়মান আলী কর্তৃক সংক্ষুব্ধ হয়ে মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৩১৩০/২০১৬ দায়ের করা হয়। গত ২৬/০২/২০১৭ তারিখে মাননীয় উচ্চ আদালত কর্তৃক অন্য আরো একটি মামলার সাথে একত্রে রিট পিটিশন নং-৩১৩০/২০১৬ মামলায় প্রদত্ত রায়/নির্দেশনার অংশবিশেষ (আবেদনকারী কর্তৃক দাখিলকৃত ফটোকপিমতে) নিম্নরূপ-

" In the result, both the Rule are made absolute. The impugned memo no sim/sha-13/MPO-12/2009/209 dated 31.05.2010 so far as it relates to the cancellation of the name of the petitioner's School issued by the respondent No. 3 Senior Assistant Secretary, Shakha-13, Ministry of Education is hereby declared to have been passed without lawful authority and as such of no legal effect".

৪। উল্লিখিত রিট মামলার রায়/নির্দেশনা সরকারের প্রতিকূলে ঘোষিত হওয়ায় উক্ত রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল ১২৫৪/২০১৮ দায়ের করা হয়। গত ১৪/০৭/২০১৯ তারিখে মাননীয় আপীল আদালত কর্তৃক অন্য একটি আপীল মামলার (আপিল নং-১৪৮০/২০১৮ এর) সাথে আপিল নং-১২৫৪/২০১৮ এর বিষয়ে নিম্নরুপ আদেশ প্রদান (আবেদনকারী কর্তৃক দাখিলকৃত ফটোকপিমতে) করা হয়-

"The leave petitions are out of time by 395 and 637 days respectively in C.P No 1480 of 2018 and C.P No. 1254 of 2018 but the explanations offered seeking condonation of delay are not at all satisfactory.

Accordingly, the leave petitions are dismissed as barred by limitation." ফলে মাননীয় হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট মামলার রায়/আদেশ বহাল রয়ে যায়।

৫। উল্লেখ্য যে, রিট পিটিশন নং-৩১৩০/২০১৬ মামলার ২৬/০২/২০১৭ তারিখের রায়/আদেশ এবং তৎপ্রেক্ষিতে দায়েরকৃত সিপিএল নং-১২৫৪/২০১৮ মামলার ১৪/০৭/২০১৯ তারিখের রায়ের ফটোকপি সংযুক্ত করে আবেদনকারী কর্তৃক উক্ত রায় বাস্তবায়নের জন্য সচিব, টিএমইডি বরারব আবেদন করা হয়। কিন্তু এ রায়ের ফটোকপির ভিত্তিতে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত দেয়া সমীচিন নয় মর্মে প্রতীয়মান হওয়ায় বর্ণিত রিট এবং আপীল মামলার রায়ের হালনাগাদ সার্টিফাইড কপি আবশ্যক।

৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৩১৩০/২০১৬ মামলার ২৬/০২/২০১৭ তারিখের রায়/আদেশ এবং তৎপ্রেক্ষিতে দায়েরকৃত সিপিএল নং-১২৫৪/২০১৮ মামলার ১৪/০৭/২০১৯ তারিখের রায়ের হালনাগাদ (২৫/০৮/২০১৯ এর পরের তারিখের) সার্টিফাইড কপি সংগ্রহ করে আগামী ৩১/১০/২০১৯ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।